মেহেরপুর পৌরসভা কার্যালয়,মেহেরপুর।

২নং ওয়ার্ড সমন্বয় কমিটির (WC) সভা

সভাপতি ঃ জনাব মোঃ আল মামুন, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

স্থান ঃ ভৈরব সরকারী প্রাথমিক বিদ্যালয়, মেহেরপুর।

সভার তারিখ বিকাল ৩.০০ ঘটিকা , ০৯/১২/২০১৮ ইং।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্য ও সহায়ক কর্মকর্তাগনকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ওয়ার্ডের চলমান উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে আলোচনা করেন।

সভাপতি মহোদয় WC র সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি জ্ঞাত করেন যে ওয়ার্ড সমন্বয় কমিটি আইন দ্বারা স্বীকৃত একটি কমিটি। প্রতি তিন মাস পর পর ওয়ার্ডের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করার জন্য আমরা একত্রিত হয় নিয়মিত। নিয়মিত পৌর কর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগীতা করার জন্য তিনি সদস্যদের অনুরোধ করেন।

<u>আলোচ্যসূচীঃ</u>

১। বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন প্রসংগে।

২। রাস্তা ও ড্রেন মেরামত করন প্রসংগে।

৩। অবকাঠামো উন্নয়ন প্রসংগে।

৪। বিবিধ।

ক্রঃনং	আলোচ্য সূচী	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
০১	বিগত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন।	সদস্য সচিব আলোচ্য সূচীর উপর আলোচনা করেন। তিনি পূর্ববর্তী সভার কার্য বিবরনী পাঠ আলোচনা ও অনুমোদন গ্রহন করেন।	TLCC র সভার মাধ্যমে মাসিক মিটিং এ উপস্থাপন করে পর্যায়ক্রম সমস্যা সমূহ সমাধানের সিদ্ধান্ড় গৃহীত হয়।	সচিব
০২	রাস্তা ও ড্রেন মেরামত করন বিষয়ে সচেতনতামূলক আলোচনা ।	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সচিব, মেহেরপুর পৌরসভা। তিনি বলেন আপনার এলাকা পরিস্কার পরিচ্ছন্ন রাখার দায়িত্ব আপনার। পৌরবাসীর উন্নয়ন ও সেবার মান নিশ্চিত করতে আপনারা যদি নিয়মিত পানির বিল পরিশোধ না করেন তবে পৌরসভা পরিচালনা করা কষ্টকর হবে। সদস্য মোঃ আসাদুল ইসলাম বলেন ২নং ওয়ার্ডের হালদারপাড়া ঘন বসতি এলাকা কিন্তু ড্রেন না থাকায় একটু বৃষ্টি হলেই জনসাধারণের চলাচলের খুবই কষ্টকর হয় একারনে উক্ত এলাকায় দ্রুত বস্তি উন্নয়ের মাধ্যমে ড্রেন রাস্তা	ওয়ার্ডের পরিস্কার পরিচ্ছন্নতা,ও মেরামত, সড়ক বাতি, পানি ও স্যানিটেশন সমস্যা সমাধানের ব্যাপারে TLCCর সভায় সুপারিশ করা হয়।	সচিব

		করার জন্য আনুরোধ করেন। তাছাড়া ২নং ওয়ার্ডের পুরাতন কষায় খানা নষ্ট হয়ে যাওয়ায় শহরে বিভিন্ন যায়গায় গরু ছাগল জবাহ করা হচ্ছে যাহা শহরের পরিবেশ নষ্ট হচেছ। এমতাবস্থায় জরুরী ভাবে কষাই খানা করার জন্য সুপারীশ করেন সদস্য জনাব মোঃ রাশিদুল হাসান।		
০৩	অবকাঠামো ও বস্তি উন্নয়ন সম্পর্কে আলোচনা।	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সভাপতি। তিনি সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। ওয়ার্ডের উন্নয়নমূলক কাজ সম্পর্কে মুক্ত আলোচনায় জনাবা মোছাঃ পপি খাতুন বলেন ২নং ওয়ার্ডের মুখার্জীপাড়ার রাস্তাটির অবস্থা খুবই জরাজীর্ণ এছাড়া কষাই খানা ভেঙ্গে যাওয়ায় যত্রতত্র গরু ছাগল জবাহ করায় যাহার জন্য পরিবেশ দুষন হচ্ছে। হালদার পাড়া বস্তি উন্নয়ন কাজ জরুরী ভাবে শুরু করার জন্য সভায় অনুরোধ জানান। পৌর জনস্বার্থে জরুরী ভিত্তিতে কষাই খানা পুনঃ নির্মানের জন্য অনুরোধ জানান। সদস্য ফারজানা জেসমিন জলি তিনি বলেন ২নং ওয়ার্ডের কিলখানা অবস্থা কুবই খারাপ দ্রুত মেরামত করার জন্য পৌর কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষন করেন। । সদস্য জনাব মুজিবর রহমান মুজিব ২নং ওয়ার্ডে কিছু ড্রেনের উপর স্লাব নির্মানের জন্য অনুরোধ জানান।	পৌর ফান্ড এবং প্রজেক্ট প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে কাজগুলি সমাধানের সুপারিশ করা হয়।	মেয়র
০৪	বিবিধ	সভায় বিবিধ বিষয় নিয়ে আলোচনায় সর্বসম্মতিক্রমে মেহেরপুর পৌরসভা এলাকায় মাদক প্রতিরোধ সম্পর্কিত বিষয়ে এলাকাবাসীকে সচেতন ও উদ্বুদ্ধ করনের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জানানো হয়।		

সহ-সভাপতি সকল সদস্যকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানান। নিয়মিত পৌরকর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগিতা করার সুযোগ করে দিতে সদস্যদের অনুরোধ করেন। তাদের সমস্যা গুলো পৌর পরিষদে আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমাধানের চেষ্টা করবেন বলে সদস্যদের আশ্বস্ত করেন।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ আল মামুন)
সভাপতি(WC)
ও
২নং ওয়ার্ড কাউন্সিলর
মেহেরপুর পৌরসভা।

মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

পরিশিষ্ট-ক

সভার তারিখ ঃ ০৯/১২/২০১৮ সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা
সভার স্থান ঃ ভৈরব সরকারি প্রাথমিক বিদ্যালয়।

২নং ওয়ার্ড কমিটির উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষর

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাবা, মোছাঃ আলপনা খাতুন	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	[illegible]
২	জনাব মোঃ আশাদুল ইসলাম	হালদারপাড়া, মেহেরপুর।	মোঃ আশাদুল ইসলাম
৩	জনাবা, মোছাঃ সালমা আলম	নীলমনি হলপাড়া, মেহেরপুর।	সালমা আলম
৪	জনাব ফারজানা জেসমিন জলি	শিক্ষক, বোষপাড়া	[illegible]
৫	জনাব মোঃ রাশিদুল হাসান	শিক্ষক, বোষপাড়া	হাসান
৬	জনাব কাজী বিল্লাল আহমেদ	মুখার্জীপাড়া, মেহেরপুর।	বিল্লাল
৭	জনাব মোঃ মুজিবুর রহমান মুজিব	শাহাজীপাড়া, মেহেরপুর	মুজিব
৮	জনাবা, মোছাঃ পপি খাতুন	হালদারপাড়া, মেহেরপুর।	পপি
৯	জনাব আবু-হেনা মোস্তফা কামাল	সহকারী প্রকৌশলী	[illegible] ০৯/১২/১৮
১০	জনাব,মোঃ আল মামুন	কাউন্সিলর ও সভাপতি	[illegible]

E:\2018\Dec-18\word committee.doc